

কি পড়বে? কেন পড়বে?

SURVEY TABLE

কতটুকু পড়বে? কিভাবে পড়বে?

CONCEPT NO	MAGNETIC DECISION [যা পড়বে]	MAKING DECISION [যে কারণে পড়বে]								VVI For This Year	
		DU	JU	RU	CU	GST	MAT	DAT	HSC	WRITTEN	MCQ
CONCEPT-01	রেচনতন্ত্র	50%	60%	50%	40%	50%	30%	30%	60%	★★	★★★
CONCEPT-02	নেফ্রন	70%	70%	70%	60%	50%	40%	40%	80%	★★	★★★
CONCEPT-03	রেচনের শারীরবৃত্ত ও মূত্র	20%	20%	20%	20%	40%	20%	50%	60%	★	★★
CONCEPT-04	বৃক্ক বিকল ও প্রতিকার	10%	10%	10%	10%	10%	10%	10%	10%	★	★

DU = Dhaka University, JU = Jahangirnagar University, RU = Rajshahi University, CU = Chittagong University, GST = General University/Science & Technology University, MAT = Medical Admission Test, DAT = Dental Admission Test


◀ CONCEPT ▶ 01 রেচনতন্ত্র

◉ ITEM 01 একনজরে রেচনতন্ত্র

রেচন পদার্থ নিষ্কাশনের জন্য মানবদেহে একটিমাত্র সুনির্দিষ্ট তন্ত্র রয়েছে যা রেচনতন্ত্র নামে পরিচিত।

রেচন


N₂ ঘটিত বর্জ্য পদার্থ নিষ্কাশন প্রক্রিয়া



(Ref : আজমল স্যার, আলীম স্যার)

◉ ITEM 02 বৃক্ক

➤ বৃক্কের গঠন:



বাহ্যিক	অভ্যন্তরীণ
(i) টিউনিকা ফাইব্রোসা নামক পেরিটোনিয়াম দ্বারা আবৃত থাকে।	(i) বৃক্কের লম্বচ্ছেদে বাইরের দিকে একটি ঘন শক্ত যোজক টিস্যু নির্মিত যে আবরণ তা রেনাল ক্যাপসুল।
(ii) সমস্ত বৃক্ক ক্যাপসুল নামক পর্দা দ্বারা আবৃত।	(ii) কর্টেক্সের প্রসারিত অংশের নাম বার্টিনির রেনাল স্তম্ভ।
(iii) পরিণত বৃক্কের দৈর্ঘ্য 10-12cm, প্রস্থ 5-6 cm এবং স্থূলত্ব 3 cm।	(iii) প্রতিটি বৃক্ক নেফ্রন দিয়ে গঠিত।
(iv) বৃক্কের বাইরের দিক উত্তল, ভিতরের দিক অবতল।	(iv) তিনটি সুস্পষ্ট অংশ পাওয়া যায়:
(v) প্রতিটি বৃক্ক নিরেট, চাপা দেখতে অনেকটা শিমের বীজের মত এবং কালচে লাল রংয়ের।	• কর্টেক্স: রেনাল কার্পাসল ও নেফ্রনের অংশবিশেষ নিয়ে গঠিত।
(vi) অবতল অংশের ভাঁজকে হাইলাস/হাইলাম বলে।	• মেডুলা: 8-18টি রেনাল পিরামিড থাকে (ত্রিকোণাকার)।
(vii) পুরুষে ওজন 150-170 গ্রাম এবং নারীতে 130-150 গ্রাম।	• পেলাভিস: ইউরেটারের উপরের অংশ ফানেলের মত প্রসারিত হয়ে রেনাল পেলাভিস গঠন করে।

➤ বৃক্কের কাজ:

- মূত্র উৎপাদন • রেচন বর্জ্য অপসারণ • বিষ ও অন্যান্য বস্তু অপসারণ
- লবণের পরিমাণ নিয়ন্ত্রণ • রক্তচাপ নিয়ন্ত্রণ • আয়ন মাত্রা নিয়ন্ত্রণ
- P^H নিয়ন্ত্রণ • দেহের পানি সাম্যতা রক্ষা/অসমোরেগুলেশন
- হরমোন উৎপাদন: i. রেনিন (এটি প্রকৃতপক্ষে একটি এনজাইম)
ii. এরিথ্রোপোয়েটিন iii. অ্যানজিওটেনসিন iv. প্রোস্টাগ্ল্যান্ডিন
- গ্লুকোনিওজেনেসিস: বৃক্কের গ্লুকোজ উৎপাদনের প্রক্রিয়া
- পরোক্ষভাবে দেহের তাপমাত্রা রক্ষা
- ভিটামিন ডি এর কার্যকরী রূপ তৈরিতে অংশ নেয়া
- লোহিত কনিকা তৈরী (এরিথ্রোপয়েটিনের মাধ্যমে)

➤ রেচন ও অসমোরেগুলেশনে বৃক্কের ভূমিকা:

(i) রেচনে ভূমিকা:

- ইউরিয়া বর্জ্য: অতিরিক্ত অ্যামিনো এসিড যকৃতে ডি-অ্যামাইনেজ এনজাইমের উপস্থিতিতে ডি-অ্যামিনেশন প্রক্রিয়ায় কিটো এসিড ও অ্যামিন মূলক ($-NH_2$) সৃষ্টি করে। কিটো এসিড শক্তি উৎপাদনে ব্যবহৃত হয় এবং অ্যামিনমূলক ($-NH_2$) হাইড্রোজেন আয়ন (H^+) এর সাথে যুক্ত হয়ে অ্যামোনিয়া (NH_3) সৃষ্টি করে। CO_2 এর সাথে যুক্ত হয়ে যকৃতে অরনিথিন চক্রের মাধ্যমে কম ক্ষতিকারক ও পানিতে দ্রবণীয় ইউরিয়াতে পরিণত হয়।
- ইউরিক এসিড বর্জ্য: যকৃতের কোষে নিউক্লিক এসিডের পিউরিন ক্ষারক বিপাকের ফলে ইউরিক এসিড সৃষ্টি হয়।
- ক্রিয়েটিনিন বর্জ্য: দেহের পেশিতে অবস্থিত ক্রিয়েটিন নামক অ্যামিনো এসিডের বিপাকের ফলে ক্রিয়েটিনিন বর্জ্য সৃষ্টি হয়। রক্তের ক্রিয়েটিনিন মাত্রাকে বৃক্কের রোগ নির্ণয়ের নির্দেশক হিসেবে গণ্য করা হয়। রক্তে ক্রিয়েটিনিন স্বাভাবিক মাত্রা পুরুষের 0.6-1.2 mg/dL এবং মহিলাদের 0.5-1.1 mg/dL।

(ii) অসমোরেগুলেশনে বৃক্কের ভূমিকা:

অসমোরেগুলেশন প্রক্রিয়া বলতে জীবন্ত কোষ বা দেহের অন্তঃ ও বহিঃপরিবেশের মধ্যে অভিশ্রবণিক চাপের সমতা রক্ষাকে বুঝায়।
কম পানি \rightarrow ADH বেশি \rightarrow অল্পমূত্র (অধিক ঘন)
(কম ঘন) অধিক মূত্র \leftarrow ADH কম \leftarrow বেশি পানি

➤ বৃক্কের উপর ক্রিয়াশীল হরমোনসমূহ ও তাদের ভূমিকা:

হরমোন	ক্ষরিত স্থান	ভূমিকা
ADH বা ভ্যাসোপ্রেসিন	পিটুইটারি গ্রন্থি	• পানি পুনঃশোষণ ও মূত্রের ঘনত্ব নিয়ন্ত্রণ, উৎপাদন হ্রাস পেলে মানুষের ডায়াবেটিক রোগ
Angiotensin-II	যকৃত	• রক্তনালীর সংকোচনের মাধ্যমে রক্তচাপ বৃদ্ধি করা • পিটুইটারি গ্রন্থিকে ADH ক্ষরণে উদ্দীপিত করা • সোডিয়াম পুনঃশোষণে সহায়তা করে
Aldosterone	অ্যাডরেনাল গ্রন্থি	• পানি ধরে রাখা ও বৃক্কের সোডিয়াম সংরক্ষণ করা • রক্তচাপ বৃদ্ধি করা • সোডিয়ামের মাত্রা নিয়ন্ত্রণ
Atrial Natriuretic Hormone (ANH)	হৃৎপিণ্ড	• গ্লোমেরুলার ফিল্ট্রেশন হার বৃদ্ধি করা • সোডিয়াম পুনঃশোষণ হ্রাস করা • রেনিন- অ্যানজিওটেনসিন ক্ষরণে বাধা দেয়

(Ref : আজমল স্যার, আলীম স্যার, মাজেদ ম্যাডাম)

SAQ
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ
Broad Ans Question

◆ রেচনতন্ত্রের অংশগুলোর নাম লিখ?

উত্তর: মানুষের রেচনতন্ত্রটি এক জোড়া বৃক্ক, এক জোড়া ইউরেটার বা গবিনী, একটি মূত্রথলি বা মূত্রাশয় ও একটি মূত্রনালি নিয়ে গঠিত।

◆ বৃক্ক নিঃসৃত হরমোন ও এনজাইম এর নাম লিখ?

উত্তর: বৃক্ক নিঃসৃত হরমোনের নাম: অ্যান্টি ডাইইউরেটিক হরমোন (ADH), অ্যাডোস্টেরন, এরিথ্রোপয়েটিন, প্রোস্টাগ্ল্যান্ডিন, অ্যানজিওটেনসিন বিশেষভাবে উল্লেখযোগ্য এবং বৃক্ক থেকে নিঃসৃত একমাত্র এনজাইম রেনিন।

◆ অসমোরেগুলেশনে বৃক্কের ভূমিকা কী?

উত্তর: অসমোরেগুলেশনে প্রধান অঙ্গ হচ্ছে বৃক্ক। দেহ অভ্যন্তরের কোষকলায় বিদ্যমান পানি ও বিভিন্ন লবণের ভারসাম্য রক্ষার কৌশলকে অভিশ্রবণ নিয়ন্ত্রণ বা অসমোরেগুলেশন বলে। অসমোরেগুলেশন প্রক্রিয়া বলতে কোষের অন্তঃপরিবেশ এবং বহিঃপরিবেশের মধ্যকার অভিশ্রবণিক চাপের সমতা রক্ষাকে বোঝায়।

◆ রেচন কী?

উত্তর: যে প্রক্রিয়ায় নাইট্রোজেনযুক্ত দূষিত পদার্থ দেহ থেকে নিষ্কাশিত হয় সে প্রক্রিয়াকে রেচন বলে।



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 01 ANALYSIS OF DU QUESTION

01. রেনিন কোথায় তৈরি হয়? [DU.16-17]
A. অস্ত্রে B. পাকস্থলিতে C. অ্যাড্রিনাল গ্রন্থিতে D. বৃক্কে
Ans D Why যকৃত থেকে উৎপন্ন ও প্লাজমায় অবস্থিত এক ধরণের প্রোটিনকে রেনিন সক্রিয় করে অ্যানজিওটেনসিন হরমোনে পরিণত করে। এটি এক প্রকার প্রোটিন ও এনজাইম যা আমাদের বৃক্ক থেকে নিঃসৃত হয়।
02. অসমোরেগুলেশান মানব দেহের কোন অঙ্গের মাধ্যমে হয়ে থাকে? [DU.15-16]
A. যকৃত (Liver) B. অগ্নাশয় (Pancreas)
C. বৃক্ক (Kidney) D. ফুসফুস (Lung)
Ans C Why দেহের পানি ও সোডিয়াম, পটাসিয়াম লবণ এবং ক্লোরাইড আয়নের মধ্যে একটি ভারসাম্য রক্ষা প্রক্রিয়াকে অসমোরেগুলেশান বলা হয়। বৃক্কের মাধ্যমে অসমোরেগুলেশান হয়ে থাকে।
03. কোন হরমোন রেচনে অংশগ্রহণ করে? [DU.09-10; KU.17-18]
A. SSH B. FSH C. ADH D. GTH
Ans C Why হাইপোথ্যালামাস থেকে ADH নিঃসৃত হয়ে পশ্চাৎ পিটুইটারিতে জমা থাকে। শরীরে পানি স্বল্পতা দেখা দিলে এটি পশ্চাৎ পিটুইটারী থেকে বের হয়ে এসে বৃক্কে কাজ করে এবং মূত্র নিঃসরণ কমিয়ে দেয়, এতে পানির সাম্যতা রক্ষা করে।
04. নিম্নের কোনটি বৃক্ক সম্পর্কে সঠিক নয়? [DU.09-10]
A. অসমোরেগুলেশনের প্রধান অঙ্গ হচ্ছে বৃক্ক
B. বৃক্কে অ্যামোনিয়া থেকে ইউরিয়া উৎপন্ন হয়
C. ADH-এর প্রভাবে পানির পুনঃশোষণ বেশি হয়
D. সক্রিয় পরিবহন পদ্ধতিতে গ্লুকোজ শোষিত হয়
Ans BD

STEP 02 ANALYSIS OF JU QUESTION

01. বৃক্কে কোন হরমোনটি উৎপন্ন হয় না? [JU-D, Set-F. 20-21]
A. এরিথ্রোপয়েটিন B. ইন্স্ট্রাজেন C. অ্যানজিওটেনসিন D. প্রোস্টাগ্ল্যান্ডিন
Ans B Why বৃক্কে এরিথ্রোপয়েটিন, প্রোস্টাগ্ল্যান্ডিন, অ্যানজিওটেনসিন হরমোন উৎপন্ন হয়। ইন্স্ট্রাজেন হরমোন ডিম্বাশয় থেকে উৎপন্ন হয়।
02. অ্যাড্রেনাল কর্টেক্স থেকে অ্যালডোস্টেরন ক্ষরণকে উদ্দীপ্ত করে কোনটি? [JU-D, Set-A. 20-21]
A. রেনিন B. অ্যানজিওটেনসিনোজেন
C. অ্যানজিওটেনসিন-১ D. অ্যানজিওটেনসিন-২
Ans D Why Angiotensin-II:
• রক্তনালীর সংকোচনের মাধ্যমে রক্তচাপ বৃদ্ধি করা
• পিটুইটারি গ্রন্থিকে ADH ক্ষরণে উদ্দীপিত করা
• সোডিয়াম পুনঃশোষণে সহায়তা করে।
03. কোন অঙ্গটি এরিথ্রোপোয়েটিন হরমোন উৎপন্ন করে? [JU: Unit-D; Set-I;19-20]
A. যকৃত B. বৃক্ক C. ফুসফুস D. পিত্তথলি
Ans B Why বৃক্ক হরমোন (এরিথ্রোপোয়েটিন) ক্ষরণ করে এবং এনজাইম (রেনিন) ক্ষরণ করে।
04. বৃক্কের অবতল অংশের ভাঁজকে কি বলে? [JU: Unit-D; Set-A/B,19-20;RU. 17-18,08-09]
A. ক্যাপসুল B. হাইলাম C. পেলভিস D. মেডুলা
Ans B Why বৃক্কের আবরণী বা পর্দার নাম টিউনিকা ফাইব্রোসা বা রেনাল ক্যাপসুল। প্রতিটি বৃক্ক তিনটি অঞ্চলে বিভক্ত, যথা: বাইরের কর্টেক্স, মধ্যখানে অবস্থিত মেডুলা এবং ভেতরে পেলভিস। বৃক্কের অবতল অংশের ভাঁজকে হাইলাম বা হাইলাস বলে।
05. একটি পরিণত মানব বৃক্কের প্রস্থ কত সে.মি.? [JU: Unit-D; Set-Q,19-20, 15-16]
A. ২-৩ B. ৩-৪ C. ৫-৬ D. ৭-৮
Ans C Why বৃক্কের দৈর্ঘ্য ১০-১২ সে.মি., প্রস্থ ৫-৬ সে.মি., পুরুত্ব ৩ সে.মি.। ওজন ১৫০-১৭০ গ্রাম (পুরুষে)/ ১৩০-১৫০ গ্রাম (নারীতে)।
06. কোনটি মানবদেহের রেচনতন্ত্রের অংশ নয়? [JU:D;Set-A,18-19]
A. বৃক্ক B. যকৃত C. ইউরেটার D. মূত্রথলি **Ans B**

07. বৃক্কের বৃহৎ সংগ্রাহক স্থান কোনটি? [JU: D;Set-D,18-19]
A. কর্টেক্স B. মেডুলা C. পেলভিস D. প্যাপিলা **Ans C**
08. মানবদেহে বিভিন্ন তরলের ভূমিকা রাখে কোনটি? [JU-D ; Set : 03, 17-18]
A. যকৃত B. ফুসফুস C. অগ্নাশয় D. বৃক্ক **Ans D**
09. একজন প্রাপ্তবয়স্ক মানুষ কত মিলিলিটার মূত্র ধারণ করতে পারে? [JU-D; Set : 03, 17-18]
A. ৭০০-৭৫০ B. ৬০০-৬৫০
C. ৭৫০-৮৫০ D. ৭০০-৮০০ **Ans A**
10. কোন জাতীয় খাদ্যের বিপাকের ফলে নাইট্রোজেন জাতীয় বর্জ্যের সৃষ্টি হয়? [JU: D; Set: 05, 17-18]
A. শর্করা B. আমিষ C. লিপিড D. সবগুলোই **Ans B**
11. কোনটি রক্তচাপ নিয়ন্ত্রণের ক্ষেত্রে ভূমিকা পালন করে না? [JU:D,15-16]
A. অ্যান্টি ডাইইউরেটিক হরমোন B. রেনিন
C. অ্যানজিওস্টেনিন D. অ্যালডোস্টেরন **Ans A**
12. পোডোসাইট কোথায় থাকে? [JU: D, 15-16]
A. পা B. অগ্নাশয় C. বৃক্কে D. ফুসফুস **Ans C**
13. বৃক্কের মেডুলা অংশের খণ্ডক গুলোকে কি বলা হয়? [JU: D, 15-16]
A. ক্যাপসুল B. পিরামিড
C. কার্টিক্যাল D. নেফ্রন **Ans B**
14. মানবদেহের বৃক্কের রেনাল পিরামিডের চূড়াকে কি বলে? [JU:D,13-14]
A. পেলভিস B. ম্যাডুলা
C. প্যাপিলা D. ক্যাপসুল **Ans C**

STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. বৃক্কে কয়টি রেনাল প্যাপিলা থাকে? [RU. Sinovac, Set-1. 20-21]
A. ৪-১৪টি B. ২-৩টি C. ৪-১৪টি D. ১০-২৫টি
Ans D Why কর্টেক্সের নিচে হালকা লাল রঙের মেডুলা অংশ ৮-১০টি পিরামিড আকৃতির অংশ নিয়ে গঠিত। এগুলো রেনাল পিরামিড। নেফ্রনের নালিকাময় অংশ ও রক্তবাহিকা নিয়ে একেকটি পিরামিড নির্মিত হয়। পিরামিডের গোড়া থাকে কর্টেক্সের দিকে, আর ১০-২৫টি ছিদ্রযুক্ত চূড়া বা প্যাপিলা থাকে রেনাল পেলভিসে উন্মুক্ত। দুই রেনাল পিরামিডের কর্টেক্সের কিছু অংশ স্তম্ভের মতো মেডুলার গভীরে প্রবেশ করেছে। এগুলোকে রেনাল কলাম বলে।
02. কোনটি মূত্রে সোডিয়ামের পরিমাণ কমাতে সাহায্য করে? [RU: SG-1,18-19]
A. অ্যালডোস্টেরন B. ইনসুলিন
C. থাইরক্সিন D. লুটিনাইজিং **Ans A**
03. বৃক্কের কোন অংশ থেকে এরিথ্রোপোয়েটিন ক্ষরিত হয়? [RU: F3, 17-18]
A. গ্লোমেরুলাস B. মেডুলা C. কর্টেক্স D. হাইলাস **Ans B**
04. দেহের পানি সমতা রক্ষাকারী হরমোন কোনটি? [RU: F3, 17-18]
A. FSH B. ADH C. TSH D. LH **Ans B**
05. রক্তচাপ বাড়ানোর প্রধান এজেন্ট কোনটি? [RU: G1, 17-18]
A. রেনিন B. অ্যালডোস্টেরন
C. অ্যানজিওটেনসিন D. ADH **Ans B**
06. কোন হরমোন সমতা রক্ষার কাজ করে? [RU.16-17]
A. প্রোজেস্টেরন B. গ্যাসট্রিন
C. থাইরক্সিন D. অ্যালডোস্টেরন **Ans D**
07. নাইট্রোজেন ঘটিত বর্জ্য পদার্থ ইউরিয়ার সংশ্লেষণ ঘটে- [RU.16-17]
A. অগ্নাশয়ে B. বৃক্কে
C. পাকস্থলিতে D. মূত্রথলিতে **Ans B**
08. অ্যান্টিডাইইউরেটিক হরমোন কাজ করে- [RU.15-16]
A. কিডনীতে B. মূত্রথলিতে
C. জরায়ুতে D. মস্তিষ্কে **Ans A**
09. রেচনতন্ত্রের অংশ কোনটি? [RU.14-15]
A. অ্যালভিওলি B. ইউরেটার
C. হৃদপিণ্ড D. ম্যানিনিজেস **Ans B**

10. অ্যান্টি-ডাইইউরেটিক হরমোন কোনটি? [RU.13-14; CU. 13-14]
 A. অক্সিটোসিন B. থ্রোলাকটিন
 C. ভাসোপ্রেসিন D. থ্রোজেস্টেরন [Ans C]
11. কোন তন্ত্রে রেনিন নামক এনজাইমের উপস্থিতি থাকে? [RU.12-13; CU. 12-13]
 A. স্নায়ু B. রেশন
 C. শ্বসন D. লসিকা সংবহন [Ans B]
12. একজন পূর্ণ বয়স্ক সুস্থ মানুষের মূত্রখলিতে কি পরিমাণ মূত্র জমা হলে মূত্র ত্যাগের ইচ্ছা জাগে? [RU.12-13]
 A. ২৮০-৩২০ মি.লি. B. ৩৫০-৩৭০ মি.লি.
 C. ৪০০-৪৫০ মি.লি. D. ২০০-২২০ মি.লি. [Ans A]

STEP 04 ANALYSIS OF CU QUESTION

01. বৃক্কের গঠনের ক্ষেত্রে কোন্টি সত্য? [CU: F1, 16-17]
 A. বৃক্ক নিরেট, গোলাকার এবং দৈর্ঘ্যে ১০-১২ সেন্টিমিটার
 B. বৃক্ক ফাঁপা, চাপা এবং দৈর্ঘ্যে ১২-১৫ সেন্টিমিটার
 C. বৃক্ক নিরেট, চাপা এবং দৈর্ঘ্যে ১২-১৫ সেন্টিমিটার
 D. বৃক্ক নিরেট, চাপা এবং দৈর্ঘ্যে ১০-১২ সেন্টিমিটার
 E. বৃক্ক ফাঁপা, চাপা এবং দৈর্ঘ্যে ১০-১২ সেন্টিমিটার [Ans D]
02. বৃক্কের অভ্যন্তরীণ টিস্যু কোন হরমোনটি তৈরী করে? [CU.12-13]
 A. এরিথ্রোপোয়েটিন B. থাইরক্সিন
 C. সিক্রেটিন D. ইনসুলিন E. প্যারাথরমোন [Ans A]
03. মূত্রখলির পেশিগুলো কি ধরনের? [CU. 09-10]
 A. ঐচ্ছিক B. অনৈচ্ছিক
 C. কখনও ঐচ্ছিক কখনও অনৈচ্ছিক D. কোনোটিই নয় [Ans B]

STEP 05 ANALYSIS OF DU-7 Clg QUESTION

01. মানব দেহের পানির সমতা নিয়ন্ত্রণকারী হরমোন কোনটি? [DU. 7Clg-A: 20-21]
 A. ADH B. FSH
 C. LH D. TSH
 [Ans A] Why ADH বা ভাসোপ্রেসিন (পিটুইটারি গ্রন্থি): পানি পুনঃশোষণ ও মূত্রের ঘনত্ব নিয়ন্ত্রণ, উৎপাদন হ্রাস পেলে মানুষের ডায়াবেটিক রোগ।

STEP 06 ANALYSIS OF GST QUESTION

PART A Analysis of General University Question

KU

01. রেনাল মেডুলা (Renal medulla) শঙ্কু আকৃতির (Cone Shape) টিস্যুকে কি বলে? [KU. 19-20]
 A. রেনাল ক্যাপসুল B. রেনাল কর্টেক্স
 C. রেনাল পেলভিস D. রেনাল পিরামিড
 [Ans D] Why বৃক্কের আবরণীর নাম রেনাল ক্যাপসুল বা টিউনিকা ফাইব্রোসা। প্রতিটি বৃক্ক তিনটি অঞ্চলে বিভক্ত, যথা : বাইরের কর্টেক্স, মধ্যখানে অবস্থিত মেডুলা এবং ভিতরে পেলভিস।
02. মানব দেহের কোন অঙ্গটি রক্তের pH নিয়ন্ত্রণ করে? [KU. 18-19]
 A. বৃক্ক B. যকৃত
 C. ফুসফুস D. হৃৎপিণ্ড [Ans A]

PART B Analysis of Science & Technology Question

SUST

01. পানিসাম্য নিয়ন্ত্রণে সাহায্য করে- [SUST.13-14]
 A. ACTH B. ADH
 C. GTH D. HGH E. কোনটিই নয় [Ans B]

JUST

01. নিচের কোনটি বৃক্কের কাজ নয়? [JUST. 11-12]
 A. রক্তচাপ নিয়ন্ত্রণ করা
 B. পানির সমতা রক্ষা করা
 C. অম্ল ও ক্ষারের সমতা রক্ষা করা
 D. সকল ধরনের রক্তকণিকা তৈরিতে ভূমিকা রাখা [Ans D]

PUST

01. "Erythromycin" তৈরি করে কে? [PUST: A.19-20]
 A. RBC B. Bone marrow C. Kidney D. Lung
 [Ans Blank] Why Erythromycin এক প্রকার অ্যান্টিবায়োটিক যা ফার্মাসিউটিক্যাল কোম্পানী তৈরি করে। Erythropoetin তৈরি করে বৃক্ক।

HSTU

01. কোন হরমোন রেচনে ভূমিকা রাখে? [HSTU.17-18]
 A. SSH B. FSH C. ADH D. GTH
 [Ans C] Why বিভিন্ন হরমোনের ভূমিকা:
 • **STH:** অস্থি ও কোমল টিস্যুর বৃদ্ধি, প্রোটিন সংশ্লেষ, গ্লাইকোজেন সঞ্চয় ও চর্বি সঞ্চয়কে উদ্দীপ্ত করে।
 • **FSH:** এর প্রধান কাজ হচ্ছে নারী দেহে ডিম্বাশয়ে ফলিকলের পূর্ণতা ও পরিপক্বতা দান করায় এবং এন্ড্রোজেন সংশ্লেষে উদ্দীপনা জোগায়।
 • **ADH:** রেচনে সাহায্য করে।
 • **GTH:** বৃদ্ধি পোষক হরমোন।

NSTU

01. রক্তের প্লাজমায় Na^+ এর মাত্রা নিয়ন্ত্রণ করে? [NSTU: Unit-A, 19-20]
 A. অ্যালাডোস্টেরন B. থ্রোজেস্টেরন C. অ্যাসোপ্রেসিন D. ইস্ট্রোজেন
 [Ans A] Why রক্তের প্লাজমায় Na^+ , K^+ এর মাত্রা নিয়ন্ত্রণ করে। ইস্ট্রোজেন ঋতুচক্র ও স্তনগ্রন্থির বিকাশ নিয়ন্ত্রণ করে, থ্রোজেস্টেরন জরায়ুর প্রাচীরে নিষিক্ত ডিম্বাণু স্থাপন করে এবং গর্ভাবস্থায় স্তনগ্রন্থির বিকাশ ঘটায়।

STEP 07 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION

MAT

01. নিচের কোন হরমোনটি রক্তে সোডিয়ামের মাত্রা নিয়ন্ত্রণ করে? [MAT.18-19; DAT.2020-21; KU.17-18; JUST.17-18; RU.16-17; CoU. 16-17; RU. Sinovac, Set-1. 20-21; CU-A, Shift-1. 20-21]
 A. থ্রুকাগন B. অ্যালাডোস্টেরন C. এনজিওটেনসিন D. রেনিন
 [Ans B] Why অ্যালাডোস্টেরন হরমোন রক্তবাহিত হয়ে বৃক্কের ডিস্টাল প্যাচানো নালিকায় পৌঁছায় এবং নালিকার কোষগুলোতে সোডিয়াম-পটাশিয়াম পাম্পের মাধ্যমে সোডিয়ামের মাত্রা বজায় রাখে।

বৃক্কের উপর ত্রিগুণীকৃত হরমোনসমূহ ও তাদের ভূমিকা:

হরমোন	ক্ষরিত স্থান	ভূমিকা
ADH বা ভাসোপ্রেসিন	পিটুইটারি গ্রন্থি	• পানি পুনঃশোষণ ও মূত্রের ঘনত্ব নিয়ন্ত্রণ, উৎপাদন হ্রাস পেলে মানুষের ডায়াবেটিক রোগ
Angiotensin-II	যকৃত	• রক্তনালীর সংকোচনের মাধ্যমে রক্তচাপ বৃদ্ধি করা • পিটুইটারি গ্রন্থিকে ADH ক্ষরণে উদ্দীপিত করা • সোডিয়াম পুনঃশোষণে সহায়তা করে
Aldosterone	অ্যাডরেনাল গ্রন্থি	• পানি ধরে রাখা ও বৃক্কের সোডিয়াম সংরক্ষণ করা • রক্তচাপ বৃদ্ধি করা
Atrial Natriuretic Hormone (ANH)	হৃৎপিণ্ড	• গ্লোমেরুলার ফিলট্রেশন হার বৃদ্ধি করা • সোডিয়াম পুনঃশোষণ হ্রাস করা • রেনিন- অ্যানজিওটেনসিন ক্ষরণে বাধা দেয়

02. নিচের কোন অঙ্গ ইরাইথ্রোপোয়েটিন (Erythropoietin) উৎপাদন করে?

[MAT.19-20]

- A. ফুসফুস
B. হৃৎপিণ্ড
C. মগজ
D. বৃক্ক

Ans D Why বৃক্ক EPO তৈরি করে যা বোনম্যারোতে প্রবেশ করে বোনম্যারোকে বিভাজনে উদ্দীপ্ত করে ফলে প্রচুর RBC তৈরি হয়।

03. বৃক্কের কাজ নয় কোনটি?

[MAT. 88-89; DAT. 04-05, 02-03]

- A. রক্তচাপ নিয়ন্ত্রণ করা
B. রক্তে অঙ্গের পরিমাণ বৃদ্ধি করা
C. দেহে পানির ভারসাম্য নিয়ন্ত্রণ রক্ষা
D. ভিটামিন ডি ও লোহিত কণিকা তৈরীতে অংশ নেয়া

[Ans B]

DAT

01. কোনটি কিডনির কাজ নয়?

[DAT.2020-21]

- A. হরমোন নিঃসরণ
B. নাইট্রোজেনাস পদার্থের নিষ্কাশন
C. রক্তের অ্যাসিড ভারসাম্য বজায় রাখা
D. শ্বেত কণিকা (WBC) উৎপাদন

Ans D Why গ্লীহা, লসিকা, গ্রন্থি, লাল অস্থিমজ্জা থেকে শ্বেত কণিকা (WBC) উৎপাদন হয়।

02. নিম্নের কোনটি বৃক্কের কাজ নয়?

[DAT. 08-09]

- A. দেহ থেকে নাইট্রোজেন যুক্ত বর্জ্য পদার্থ অপসারণ করা
B. দেহে পানির সমতা রক্ষা করা
C. শ্বেত রক্তকণিকা তৈরীতে ভূমিকা রাখা
D. রক্তে অঙ্গ-ক্ষারের সমতা রক্ষা করা

[Ans C]

03. মানুষের রেচনতন্ত্রের সাহায্যে দেহের প্রায় কত শতাংশ রেচিত হয়?

[DAT. 06-07; RU. 08-09]

- A. ৭০
B. ৮০
C. ৯০
D. ১০০


[Ans B]

CONCEPT

02

নেফ্রন

➤ নেফ্রন ও এর অংশসমূহ:



◆ নেফ্রনের প্রকারভেদ:


- সুপারফিসিয়াল কর্টিকাল নেফ্রন (85%)
- মিড কর্টিকাল নেফ্রন (5%)
- জাক্সটামেডুলারি নেফ্রন (10%)

➤ নেফ্রনের প্রকারভেদ:

- সুপারফিসিয়াল কর্টিকাল নেফ্রন (85%): কটেঞ্জের বহিঃভাগে, হেনলির লুপ খাটো।
- মিড কর্টিকাল নেফ্রন (5%): কটেঞ্জের মাঝামাঝি, হেনলির লুপ খাটো বা লম্বা।
- জাক্সটামেডুলারি নেফ্রন (10%): কটেঞ্জ মেডুলার সংযোগ স্থলের উপরে, হেনলির লুপ অনেক লম্বা।

➤ নেফ্রনের কাজ:

- পরিশুদ্ধকরণ
- পুনঃশোষণ
- নালিকার ক্ষরণ
- নতুন পদার্থ সৃষ্টি
- pH মাত্রা নিয়ন্ত্রণ।



> নেফ্রনের বিভিন্ন অংশের কাজ:

নেফ্রনের অংশ	কাজ	বস্তুর নাম
রেনাল করপাসল	রক্তের আল্ট্রাফিল্ট্রেশন ঘটে। রক্ত হতে প্রতি মিনিটে ১২৫ মিলিলিটার রেনাল বর্জ্য, পানি ও অন্যান্য দ্রব্য পরিস্রুত হয়ে গ্লোমেরুলার ফিল্ট্রেট হিসেবে বোম্যানস ক্যাপসুলে জমা হয়	রক্তের পরিশ্রুত তরল
গ্লোমেরুলাস	আল্ট্রাফিলটার রূপে কাজ করে	কলয়েড অংশ ছাড়া রক্তের প্লাজমা
নিকটবর্তী প্যাঁচানো নালিকা: নির্বাচনমূলক পুনঃশোষণ ঘটে, ফিল্ট্রেটের ৬০% পুনঃশোষিত হয়	সক্রিয় শোষণ	গ্লুকোজ, অ্যামিনো এসিড, ফসফেট, K^+ , Na^+
	নিষ্ক্রিয় শোষণ	পানি, Cl^- , HCO_3^- , $NaHCO_3$ ও স্বল্প পরিমাণ (10%) ইউরিয়া ও ইউরিক এসিড
	ক্ষরণ	ক্রিয়েটিনিন, হিপপিউরিক এসিড, রঞ্জক, পেনিসিলিনসহ ড্রাগস, H^+ ও NH_3
হেনলির লুপ: পানির ৭০% পুনঃশোষিত হয়	সক্রিয় শোষণ	K^+ , Na^+ , Cl^- , ইউরিয়া, Ca^{++} , Mg^{++}
	নিষ্ক্রিয় শোষণ	পানি
	ক্ষরণ	ইউরিয়া
দূরবর্তী প্যাঁচানো নালিকা	শোষণ	পানি, Na^+
	ক্ষরণ	H^+ , K^+ , NH_3
সংগ্রাহী নালী	সক্রিয় শোষণ	K^+
	নিষ্ক্রিয় শোষণ	পানি, Na^+
	ক্ষরণ	K^+ , H^+ , HCO_3^- , NH_3
পরিশ্রুত ও পুনঃশোষিত তরল সংগ্রহ করে ইউরেটারে প্রেরণ		

(Ref : আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, পারভীন ম্যাডাম)

SAQ
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ
Broad Ans Question

◆ নেফ্রনের গঠন লিখ?

উত্তর: উপরের অংশের আলোচনা থেকে দেখে নাও।

◆ নেফ্রনের প্রকারভেদ লিখ?

উত্তর: মানুষের নেফ্রন ৩ প্রকার, যথা: সুপারফিসিয়াল কর্টিক্যাল নেফ্রন, মিড কর্টিক্যাল নেফ্রন, জাক্সটামেডুলারি নেফ্রন।

◆ নেফ্রন কী?

উত্তর: বৃক্কের গঠনগত ও কার্যগত একককে নেফ্রন বলে।

[চ. বো. ২০১৯]



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 01 ANALYSIS OF DU QUESTION

01. হেনলির লুপ কোথায় দেখা যায়? [DU. 17-18]

A. চোখে B. হৃৎপিণ্ডে C. অগ্ন্যাশয়ে D. বৃক্কে [Ans D]

02. কোনটি মানব বৃক্কের ম্যালপিজিয়ান কণিকার অংশ? [DU.14-15]

A. Bowman's Capsule B. Henle's Loop
C. Collecting tubule D. Renal tubule

[Ans A Why] প্রত্যেক নেফ্রন ২টি অংশে বিভক্ত: রেনাল করপাসল বা ম্যালপিজিয়ান করপাসল এবং রেনাল টিউবিউলস।

i. ম্যালপিজিয়ান করপাসল: বোম্যানস ক্যাপসুল, গ্লোমেরুলাস।

ii. রেনাল টিউবিউলস: প্রক্সিমাল প্যাঁচানো নালিকা, হেনলির লুপ, ডিস্টাল প্যাঁচানো নালিকা, সংগ্রাহী নালি।

03. বৃক্কের কোন অংশে Filtration হয়? [DU. 13-14; NU. 13-14]

A. হেনলির লুপ B. গ্লোমেরুলাস
C. গোড়াদেশীয় প্যাঁচানো নালিকা D. মুত্রথলি

[Ans B Why] গ্লোমেরুলাস অংশে Filtration হয় এবং রক্ত থেকে রেনাল বর্জ্য, পানি ও অন্যান্য দ্রব্য পরিস্রুত হয়ে গ্লোমেরুলার ফিল্ট্রেট হিসেবে বোম্যানস ক্যাপসুলে জমা হয়।

04. কোনটি নেফ্রনের অংশ নয়? [DU.13-14]

A. Renal pelvis B. Glomerulus C. Loop of Henle D. Collecting duct
[Ans A Why] প্রত্যেক নেফ্রন ২টি অংশে বিভক্ত: রেনাল করপাসল বা ম্যালপিজিয়ান করপাসল এবং রেনাল টিউবিউলস।

ম্যালপিজিয়ান করপাসল: বোম্যানস ক্যাপসুল, গ্লোমেরুলাস।

রেনাল টিউবিউলস: প্রক্সিমাল প্যাঁচানো নালিকা, হেনলির লুপ, ডিস্টাল প্যাঁচানো নালিকা, সংগ্রাহী নালি।

05. মেরুদণ্ডীয় বৃক্কে রক্ত ছাঁকন প্রক্রিয়ার মূল অংশ কোনটি? [DU. 13-14, 06-07, 02-03; JU:D,12-13; RU. 15-16, 09-10; CU.12-13; NU.13-14; BU.15-16]

A. মালপিজিয়ান অঙ্গ B. বৃক্কীয় নালিকা
C. গ্লোমেরুলাস D. বোম্যানস ক্যাপসুল

[Ans C Why] গ্লোমেরুলাস ৫০-৬০টি কৈশিক জালিকা সম্পন্ন অঙ্গ। বোম্যানস ক্যাপসুল এর অভ্যন্তরে গ্লোমেরুলাস বৃক্কের আল্ট্রাফিল্ট্রেশন করে।

06. নেফ্রনের কোন অংশে গ্লুকোজ পরিশোষিত হয়? [DU.01-02, 02-03]

A. লুপ অব হেনলী B. নিকটস্থ কুন্ডলাকার নালিকা
C. সংগ্রাহক নালিকা D. দূরবর্তী কুন্ডলাকার নালিকা[Ans B Why] HCO_3^- , K^+ , গ্লুকোজ, HPO_4^{2-} , অ্যামিনো এসিড, ইউরিক এসিড, ইউরিয়া নেফ্রনের নিকটস্থ কুন্ডলাকার নালিকায় পরিশোষিত হয়।

STEP 02 ANALYSIS OF JU QUESTION

01. গ্লোমেরুলার ফিল্ট্রেটের কত শতাংশ পুনঃশোষিত হয়ে রক্তে প্রবেশ করে? [JU-D, Set-T. 20-21]

A. ৬০ B. ৭৫ C. ৮০ D. ৯৯

[Ans C Why] গ্লোমেরুলার ফিল্ট্রেট নেফ্রনের রেনাল করপাসল থেকে রেনাল টিউবিউলসের মধ্য দিয়ে প্রবাহিত হওয়ার সময় এর (গ্লোমেরুলার ফিল্ট্রেটে) ৮০% নির্বাচিত দ্রব্যটি রক্তনালিকা কর্তৃক পুনঃশোষিত হয়।

02. কোন ধরনের নেফ্রনের হেনলির লুপ অনেক লম্বা? [JU-D, Set-G. 20-21]


A. মিড কর্টিক্যাল B. জাক্সটামেডুলারি
C. সুপারফিসিয়াল কর্টিক্যাল D. সবকটির

[Ans B Why] সুপারফিসিয়াল কর্টিক্যাল নেফ্রনের হেনলির লুপ খাটো। মিড কর্টিক্যাল নেফ্রনের হেনলির লুপ খাটো বা মোটা।

03. কোনটি বৃক্কের অংশ নয়? [JU: Unit-D; Set-I;19-20]

A. রেনাল করপাসল B. হেনলির লুপ C. রেচন নালি D. সংগ্রাহী নালি

Ans C Why বৃক্কের গঠন ও কাজের একককে নেফ্রন বলে:



04. রেনাল করপাসলের অবস্থানের ভিত্তিতে মানুষের নেফ্রন কত ধরনের?

[JU: D;Set-F,18-19]

A. ৩ B. ৪ C. ৫ D. ৬ **Ans A**

05. কয়েকটি সংগ্রাহী নালি মিলিত হয়ে কি গঠন করে?

[JU:D,16-17]

A. লুপ অব হেনলি B. ডাক্ট অব বেলিনি
C. পিরামিড D. পেরিটিউবুলস ক্যাপিলারি **Ans B**

06. 'পোডোসাইট' কি?

[JU:D,15-16]

A. কোষ B. কলা C. অঙ্গ D. কোনটিই না **Ans A**

07. 'হেনলির লুপ' কি আকৃতির?

[JU: D, 15-16]

A. V B. Y C. S D. U **Ans D**

08. মানবদেহের বৃক্কের কোন নেফ্রনের লুপ অব হেনলী অনেক লম্বা?

[JU:D,13-14]

A. সুপারফিসিয়াল কর্টিকাল নেফ্রন B. মিড কর্টিকাল নেফ্রন
C. জাঙ্কটামেডুলারি নেফ্রন D. সবগুলো **Ans C**

09. লুপ অব হেনলির গ্লোমেরুলার ফিল্ট্রেট শোষণের হার কত?

[JU:D,11-12]

A. ৩০% B. ২০% C. ৫০% D. ৮০% **Ans B**

10. মানুষের প্রতিটি বৃক্কের নেফ্রনের সম্মিলিত দৈর্ঘ্য কত?

[JU:D,11-12]

A. ৩৬ কিমি B. ৩.৬ কিমি
C. ৩৬০ মিটার D. ৩৬ মিটার **Ans A**

STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. হেনলির লুপ নেফ্রনের কোনটির অংশ?

[RU: Astrazeneca, Set-1. 20-21]

A. রেনাল করপাসল B. রেনাল টিউবুলস
C. গ্লোমেরুলাস D. বোম্যানস ক্যাপসুল **Ans B**

02. বৃক্কীয় নালিকার অংশ নয় কোনটি?

[RU:19-20]

A. হেনলির লুপ B. গ্লোমেরুলাস
C. কালেক্টিং ডাক্ট D. ডিস্টাল প্যাচানো নালিকা

Ans B Why নেফ্রনের গঠন : [JU: 19-20,Set-I এর প্রশ্নের ব্যাখ্যা দেখো]

03. প্রতিটি নেফ্রনের দৈর্ঘ্য কত?

[RU: SG-2,18-19]

A. ২-৩ সে.মি. B. ৩-৪ সে.মি.
C. ৪-৫ সে.মি. D. ৫-৬ সে.মি. **Ans B**

04. পোডোসাইট কোষ কোথায় পাওয়া যায়?

[RU: F1; 17-18, 16-17]

A. প্রক্সিমাল নালিকায় B. হেনলির লুপে
C. ডিস্টাল নালিকায় D. বোম্যানস ক্যাপসুলে **Ans D**

05. বৃক্কীয় নালিকায় কোনটি পুনঃশোষিত হয় না?

[RU: C2, 17-18]

A. গ্লুকোজ B. লবণ C. পানি D. ক্রিয়েটিনিন **Ans D**

06. হেনলির লুপের প্রধান কাজ কি?

[RU:16-17]

A. দেহের অভিশ্রবণ নিয়ন্ত্রণ করা B. রক্তের pH নিয়ন্ত্রণ করা
C. মূত্রকে পেলভিসে স্থানান্তর করা D. পানি সংরক্ষণ করা **Ans A**

07. গ্লোমেরুলাস নামক কৈশিকনালী পাওয়া যায়-

[RU:G, 10-11; RU:08-09]

A. ফুসফুসে B. বৃক্কে C. অগ্ন্যাশয়ে D. যকৃতে **Ans B**

08. মানবদেহের দুটি বৃক্কের রেনাল টিউবিউলের সম্মিলিত দৈর্ঘ্য প্রায় (কি.মি.)-

[RU:08-09]

A. ৬২ B. ৭২ C. ২০ D. ৭.২ **Ans B**

STEP 04 ANALYSIS OF CU QUESTION

01. "লুপ অব হেনলি" শরীরের নিম্নলিখিত কোন অঙ্গের অংশ? [CU-A, Shift-1. 20-21]

A. যকৃত B. প্লিহা C. বৃক্ক D. হৃদপিণ্ড

Ans C Why লুপ অব হেনলি একটি U-আকৃতির অংশ যা বৃক্কের রেনাল টিউবিউলসে পাওয়া যায়।

02. নেফ্রন কোন তন্ত্রের একক?

[CU:11-12]

A. শ্বসন তন্ত্র B. রেচন তন্ত্র
C. পরিপাক তন্ত্র D. রক্ত সংবহন তন্ত্র E. স্নায়ু তন্ত্র **Ans B**

03. ম্যালপিজিয়ান টিউবিউলস কোথায় পাওয়া যায়?

[CU:06-07]

A. ফুসফুসে B. কলিজায় C. বৃক্কে D. আরশোলার অঙ্গে **Ans C**

STEP 06 ANALYSIS OF GST QUESTION

PART (A) Analysis of General University Question

JnU

01. কোনটি রেচন প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত নয়?

[JnU:09-10]

A. নেফ্রন B. ইউরেটাস
C. ম্যালপিজিয়ান নালী D. ইউরিয়া **Ans C**

KU

01. বৃক্কের অভ্যন্তরে মূত্র উৎপাদনের একক এর নাম-

[KU:16-17;BAU:04-05]

A. ইউরেটর B. পেলভিস C. নেফ্রন D. গ্লোমেরুলাস **Ans C**

02. গ্লোমেরুলাস বৃক্কের কোন অংশে অবস্থিত?

[KU:09-10]

A. রেনাল টিউবুল B. মাইক্রোফাইব্রিল
C. রেনাল করপাসল D. ক্রোমাটিন জালিকা **Ans C**

CoU

01. হেনলির লুপের আবিষ্কারক-

[IU: D, 17-18]

A. চার্লস হেনলি B. রবার্ট হেনলি
C. ফ্রেডরিখ হেনলি D. আলবার্ট হেনলি **Ans C**

BU

01. নেফ্রনের কোন অংশটি ছাঁকনির কাজ করে?

[BU: A, 15-16; RU: 08-09]

A. Bowman's capsule B. Glomerulus
C. Henley's loop D. Malpighian corpuscles **Ans B**

JKKNIU

01. নেফ্রন মানবদেহের কোথায় পাওয়া যায়-

[JKKNIU: B, 17-18]

A. লিভারে B. বৃক্কে C. চোখে D. ফুসফুসে **Ans B**

PART (B) Analysis of Science & Technology Question

SUST

01. নেফ্রন এর কাজ কি?

[SUST:11-12]

A. রক্ত হতে কার্বন-ডাই-অক্সাইড অপসারণ
B. রক্ত হতে দূষিত পদার্থ অপসারণ C. ঘাম সৃষ্টি করা
D. রক্তে অক্সিজেন যোগান দেওয়া E. রক্তের হিমোগ্লোবিন বৃদ্ধি করা **Ans B**

BSMRSTU

01. ব্রাশ বর্ডার কোথায় থাকে?

[BSMRSTU:H, 2018-19]

A. Respiratory system B. Excretory system
C. Inspitory system D. Nervous system

Ans B Why ব্রাশ বর্ডার থাকে প্রক্সিমাল প্যাচানো নালিকাতে। প্রক্সিমাল প্যাচানো নালিকা Excretory system এর একটি অংশ।

02. বোম্যান ক্যাপসুলের ভিসেরাল স্তরটি কোন কোষ দ্বারা গঠিত?

[BSMRSTU:17-18]

A. পোডোসাইট B. স্কোয়ামাস এপিথেলিয়াম
C. জ্যান্টাগ্লোমেরুলার কোষ D. নিডোসাইট **Ans A**

PUST

01. কোনটির প্রাচীরে আইশাকার এপিথেলিয়াল কোষ পাওয়া যায় না? [PUST: B, 17-18]
 A. দূরবর্তী প্যাঁচানো নালিকা B. নিকটবর্তী প্যাঁচানো নালিকা
 C. সংগ্রাহী নালী D. বোম্যানস ক্যাপসুল [Ans C]

STEP 07 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION

MAT

01. হেনলির লুপের অবস্থান বৃক্কের কোথায়? [MAT. 17-18]
 A. বৃক্কীয় নালীকায় B. রেনাল করপাসলে
 C. এফারেন্ট ধমনিকাতে D. ইফারেন্ট ধমনিকাতে [Ans A]
02. লুপ অব হেনলি পাওয়া যায়- [MAT. 13-14; CU.04-05]
 A. হৃৎপিণ্ড B. যকৃতে C. প্লীহায় D. নেফ্রনে/বৃক্ক [Ans D]
03. মানুষের গ্লোমেরুলাসে পরিস্রুত মুত্র ADH-এর প্রভাব ছাড়া নিম্নের (%) কতভাগ পুনঃশোষণ প্রক্রিয়ায় নেফ্রনের প্রস্রাব প্যাঁচানো নালিকায় শোষিত হয়? [MAT.10-11]
 A. ২০ B. ৪০ C. ৬০ D. ৮০ [Ans D]
04. প্রতিটি বৃক্কে নেফ্রন থাকে- [MAT.03-04; KU.17-18; JnU.14-15; JU:D,12-13; RU.12-13; IU.12-13]
 A. প্রায় ৮ থেকে ৯ লক্ষ B. প্রায় ১০ থেকে ১২ লক্ষ
 C. প্রায় ১২ থেকে ১৪ লক্ষ D. প্রায় ১৩ থেকে ১৪ লক্ষ [Ans B]
05. কোন অংশটি রেনাল টিউবুল এর অংশ নয়? [MAT.02-03]
 A. গোড়াদেশীয় বা প্রস্রাব প্যাঁচানো নালিকা
 B. প্রান্তীয় বা ডিস্টাল প্যাঁচানো নালিকা
 C. হেনলির লুপ
 D. অ্যাফারেন্ট আর্টারিওল [Ans D]
06. নেফ্রন কোনটির একক? [MAT.95-96]
 A. বৃক্ক B. যকৃত C. শুক্রাশয় D. অগ্ন্যাশয় [Ans A]
07. কোনটি মুত্র উৎপাদনের একক? [MAT.89-90; RU.12-13; CU.17-18,03-04; KU.15-16]
 A. নেফ্রন B. নিউরন C. মূত্রথলি D. ল্যাক্সারহেস এর স্লীপ [Ans A]

DAT

01. কি ধরনের এপিথেলিয়াম বোম্যানস ক্যাপসুল গঠন করে? [DAT.2020-21]
 A. Stratified B. Columnar C. Cuboidal D. Squamous

Ans D Why বোম্যানস ক্যাপসুল: রেনাল করপাসলে গ্লোমেরুলার কৈশিক জালিকাগুচ্ছকে ঘিরে অবস্থিত ০.২ মিলিমিটার ব্যাসের ও আইশাকার এপিথেলিয়ামে গঠিত দ্বিস্তরী পেয়ালার মতো প্রসারিত অংশকে বোম্যানস ক্যাপসুল বলে। এটি বাইরের দিকে প্যারাইটাল স্তর এবং ভেতরের দিকে ভিসেরাল স্তর নামক দুটি একক স্তর দিয়ে গঠিত এবং দুই স্তরের মাঝে ক্যাপসুলার স্পেস নামক সংকীর্ণ গহ্বর থাকে। প্যারাইটাল স্তরটি স্কোয়ামাস এপিথেলিয়াল কোষ এবং ভিসেরাল স্তরটি পোডোসাইট নামক বিশেষ ধরনের প্রবর্ধনযুক্ত কোষে গঠিত।

02. বৃক্কের গাঠনিক ও কার্যিক একক কোনটি? [DAT. 19-20; RU. 17-18; JU. 11-12; DU-7Clg. 19-20]
 A. নিউরন B. অ্যালডিওলাস C. ল্যাকুনা D. নেফ্রন

Ans D Why • বৃক্কের গাঠনিক ও কার্যিক একক নেফ্রন।

- মস্তিষ্কের গাঠনিক ও কার্যিক একক নিউরন।
 • ফুসফুসের গাঠনিক ও কার্যিক একক অ্যালডিওলাস।
 • নিরেট অস্থিকোষে ল্যাকুনা নামের কতগুলো ছোট গহ্বর দেখা যায়।
03. প্রস্রাব প্যাঁচানো নালিকায় নিম্নের কোনটি সক্রিয় ক্ষরণ হয়? [DAT.10-11]
 A. ভিটামিন B. ক্রিয়েটিনিন
 C. অ্যামিনো অ্যাসিড D. ক্লোরাইড আয়ন [Ans B]
04. রেচন তন্ত্রের নিম্নের কোনটি ইউরেটার নামক নালী গঠন করে [DAT.04-05]
 A. ডাক্ট অব বেলিনি B. সংগ্রাহক নালীকা
 C. ডিস্টাল নালিকা D. হেনলীর লুপ [Ans A]

STEP 08 ANALYSIS OF HSC BOARD QUESTION

Chattogram Board

01. গ্লোমেরুলার ফিল্ট্রেটে কোনটি অনুপস্থিত? [চ. বো. ২০১৭]
 A. প্রোটিন B. গ্লুকোজ C. আয়ন D. ইউরিয়া [Ans A]

Jashore Board

01. গ্লোমেরুলার ফিল্ট্রেটের অধিকাংশ পুনঃশোষিত হয় কোন অংশে? [য. বো. ২০১৯]
 A. নিকটবর্তী প্যাঁচানো নালিকায় B. হেনলির লুপে
 C. দূরবর্তী প্যাঁচানো নালিকায় D. সংগ্রাহী নালিতে [Ans A]


CONCEPT 03 রেচনের শারীরবৃত্ত ও মুত্র

ITEM 01 রেচনের শরীরবৃত্ত


- আমিষ জাতীয় খাদ্য বিপাকের ফলে দেহে N_2 জনিত বর্জ্য সৃষ্টি হয়।
- এদের মধ্যে ইউরিয়ার পরিমাণ সর্বাধিক।
- যকৃতে ইউরিয়া তৈরি হয় এবং রক্তের মাধ্যমে বৃক্কে পৌঁছায়।
- বৃক্কে মূত্র তৈরি হয়।
- মানুষের প্রধান N_2 জনিত রেচন বর্জ্য: ইউরিয়া, ইউরিক এসিড, অ্যামোনিয়া, ক্রিয়েটিনিন।

➤ রেচনের শারীরবৃত্তের ২টি শিরোনাম হচ্ছে:

(i) N_2 জাত বর্জ্য উৎপাদন



(ii) মুত্র সৃষ্টির প্রক্রিয়া: কুশনীর মতে নির্ণেয় ৩টি ধাপে মানুষের মুত্র সৃষ্টি হয়



ADH (ভাসো প্রেসিন) হরমোন দ্বারা নিয়ন্ত্রিত হয়

(Ref : আজমল স্যার, আলীম স্যার)

ITEM 02 মূত্র

নেফ্রনের রেনাল টিউবিউলসে গ্লোমেরুলার ফিল্ট্রেশনের নির্বাচিত পুনঃশোষণের পর যে খড় বর্ণের, তীব্র ঝাঁঝালো গন্ধযুক্ত ও অস্বাদ্য তরল রেচন বর্জ্য মূত্রথলিতে জমা হয় তাকে মূত্র বলে।

➤ মূত্রের বৈশিষ্ট্য:

- পরিমাণ: বৃক্ক দৈনিক 0.5 থেকে 2.5 লিটার মূত্র উৎপাদন হয়
- বর্ণ: মূত্রে ইউরোক্রেম নামক পদার্থ থাকায় এটি খড় বর্ণের হয়
- গন্ধ: ঝাঁঝালো বা অ্যারোমেটিক (ইউরিনোড নামক পদার্থ থাকে)
- রাসায়নিক ধর্ম: মূত্র সামান্য অম্লীয়, এর pH মান 5-6.5
- আপেক্ষিক গুরুত্ব: 1.008-1.030
- ইউরোক্রেম রঞ্জকের ফলে মূত্র হলুদ হয়।
- একজন সুস্থ মানুষ দৈনিক গড়ে ১.৫ লিটার মূত্র ত্যাগ করে।
- যেসব দ্রব্য মূত্রের স্বাভাবিক প্রবাহকে বাড়িয়ে দেয় তাদেরকে ডাই ইউরেটিকস বলে। যেমন- পানি, লবণাক্ত পানি, চা এবং কফি।



➤ মূত্রের উপাদান:

i. রাসায়নিক উপাদান:

মূত্র	পানি (96%)		
	কঠিন পদার্থ (4%)	জৈব পদার্থ (60%)	অজৈব পদার্থ (40%)
		i. নাইট্রোজেনাস	ইউরিয়া, ইউরিক এসিড, ক্রিয়েটিনিন, হিপপিউরিক এসিড, ইনডিকান
		ii. নন-নাইট্রোজেনাস	সাইট্রেট, ল্যাকটেট, কিটোন বডি
		i. ক্যাটায়ন	Na^+ , K^+ , Ca^{2+} , Mg^{2+} , NH_4^+
		ii. অ্যানায়ন	SO_4^{2-} , PO_4^{3-} , Cl^- , HCO_3^-

ii. মূত্রের উপাদান শতকরা হারে:

উপাদান	শতকরা হার	উপাদান	শতকরা হার
পানি	95	পটাসিয়াম *	0.15
ইউরিয়া	2	ম্যাগনেসিয়াম	0.01
ইউরিক এসিড	0.05	ক্লোরাইড	0.60
ক্রিয়েটিনিন *	0.07	ফসফেট	0.27
সোডিয়াম *	0.35	সালফেট *	0.18
অ্যামোনিয়াম *	0.04	অন্যান্য	1.275

